

৩.০ মহা পরিচালকের মন্তব্য

মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের নিরীক্ষাধীন নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীনস্থ ৫টি অফিসের ১৯৯৯-২০০০ এবং ইহার পূর্ববর্তী সালের হিসাব বর্তমানের প্রচলিত নিয়মানুযায়ী নমুনামূলক ও শতকরা ভিত্তিক যাচাইয়ের মাধ্যমে নিরীক্ষা করা হইয়াছে। এই রিপোর্টে যে সকল আর্থিক অনিয়ম ইত্যাদি অন্তর্ভুক্ত করা হইয়াছে তাহা উত্থাপিত সময়ের অথবা তৎপূর্ববর্তী সময়ের সমস্ত লেনদেনের যে ক্ষুদ্রাতিক্ষুদ্র অংশ নিরীক্ষা করা হইয়াছে উহারই সামান্য কিছু প্রতিফলন মাত্র। সুতরাং এই রিপোর্টের আপত্তি ও মন্তব্য উদাহরণমূলক এবং তাহা কোন মতে উল্লিখিত প্রতিষ্ঠানসমূহের আর্থিক শৃঙ্খলা মান সম্পর্কিত পূর্ণাঙ্গ চিত্র নহে।

এই রিপোর্টে অন্তর্ভুক্ত অনিয়মগুলি পর্যালোচনা করিয়া প্রতীয়মান হয় যে নিরীক্ষিত অফিসের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা এবং আর্থিক ব্যবস্থাপনা পর্যাপ্ত না হওয়ার কারণে অনিয়মগুলি সংঘটিত হইয়াছে। জরুরী ভিত্তিতে প্রতিবেদনে উল্লিখিত অনিয়মগুলি নিষ্পত্তি করা আবশ্যিক।

ঢাকা

তারিখঃ ১৭-০৬-২০০১ ইং
০৩-০৩-১৪০৮ বাং

মোঃ শাহজাহান মিয়া
মহাপরিচালক

স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর
বাংলাদেশ